BD LPG AUTO GAS STATION AND CONVERSION WORKSHOP OWNER ASSOCIATION

# LPG Auto Gas Station & Conversion Workshop Owners Association, Bangladesh.

**House: 2 Block: 2 Pallabi, Mirpur, Dhaka -1216, Bangladesh**
**Phone: +88028033310, Cell: +8801704179319**
**Email:** lpgautogasbd2019@gmail.com website: www. lpgautogasbd.com

সূত্রঃএলপিজি /বিক্ষোরক/২০২১ তারিখঃ ১৩/০৬/২০২১ ইং

বরাবর,
মোঃ আনিসুর রহমান
সিনিয়র সচিব
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সুত্রঃ আপনাদের স্মারক নং ২৮.০০.০০০০.০২৭.২২.০০৭.১৬.৩২ তাং- ১৭/২/২০২১ ইং

**বিষয়ঃ** এলপি গ্যাস সমন্বিত নীতিমালা—২০২১ এর খসড়ার উপর মতামত প্রদান প্রসঙ্গে ।

জনাব,
যথাবিহীত সম্মানপূর্বক জানানো যাচ্ছে যে, যানবাহনে অকটেন, পেট্রোল ও ডিজেলের পরিবর্তে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (অটোগ্যাস) একটি পরিবেশবান্ধব বিকল্প জ্বালানি হিসাবে বিশ্বব্যপী জনপ্রিয়তা লাভ করেছে । যানবাহনে অটোগ্যাস ব্যবহারের ব্যয় অকটেন/পেট্রোলের তুলনায় অর্ধেক । অন্যদিকে দেশে প্রাকৃতিক গ্যাসের মজুদ কমে যাওয়ায় সারাদেশে গ্যাসের সংকট দেখা দিয়েছে । উক্ত বিষয়গুলো বিবেচনা করে সরকার ইতিমধ্যে যানবাহনে পেট্রোল, অকটেন ও সিএনজি ব্যবহারের পরিবর্তে এলপিজি ব্যবহারে উৎসাহিত করেছেন ।

এ লক্ষ্য অর্জনের জন্য সারাদেশে এলপিজি অটোগ্যাস ষ্টেশন এর জন্য সরকার তরলীকৃত পেট্রলিয়াম গ্যাস (অটো গ্যাস) রিফুইলিং ষ্টেশন ও রূপান্তর ওয়ার্কশপ স্থাপন, পরিচালন এবং রক্ষনাবেক্ষন নীতিমালা-২০১৬ প্রনয়ন করেছেন, নীতিমালা নং ২৮.০০.০০০০. ০২৭.৪৩.০০১.১৬-৩১৫ তারিখঃ ৩১ জুলাই ২০১৬ইং ।

উক্ত নীতিমালার আলোকে সারাদেশে প্রায় ২৫০ টিরও অধিক এলপিজি অটোগ্যাস ষ্টেশন স্থাপিত হয়েছে এবং আরো ২০০ টি নির্মানাধীন আছে। বিকল্প জ্বালানি হিসাবে সিএনজি এর পাশাপাশি এলপিজি ব্যবহার শুরু হওয়ায় প্রাকৃতিক গ্যাসের উপর চাপ কমতে শুরু হয়েছে । অপরদিকে যেখানে সিএনজি গ্যসের সুবিধা নেই সে সমস্ত এলাকায় এলপিজি স্টেশন চালু হওয়ায় জ্বালানী সাশ্রয়ী হিসাবে এলপিজির চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে ।

"অটো গ্যাস রিফুইলিং ষ্টেশন ও রূপান্তর ওয়ার্কশপ স্থাপন, পরিচালন এবং রক্ষনাবেক্ষন নীতিমালা-২০১৬" নামে প্রণয়নকৃত নীতিমালার মধ্যে কিছু ধারা এলপিজি অটোগ্যাস স্থাপনে জটিলতা সৃষ্টি হয়েছে । এইসব জটিলতার কারনে একদিকে যেমন বিনিয়োগকৃত প্রায় ৫০০ কোটি টাকার ঝুকি অন্যদিকে এই সেক্টরের ভবিষ্যত নিয়ে উদ্বিগ্ন।

ইতিমধ্যে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, অপারেশন-২, শাখা থেকে প্রকাশিত এলপি গ্যাস সমন্বিত নীতিমালা—২০২১ এর খসড়ার উপর মতামত প্রদানের আহবান পেয়ে **"LPG Auto Gas Station & Conversion Workshop Owners Association, Bangladesh"** এর উদ্যোগে সারা দেশের এলপিজি অটোগ্যাস ষ্টেশন মালিকদের নিয়ে আলোচনার আয়োজন করেছি এবং উক্ত আলোচনার প্রেক্ষিতে নিম্নধারা গুলি সংশোধন করে এলপিজি অটোগ্যাস ষ্টেশন স্থাপন সহজতর করার জন্য কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

BD LPG AUTO GAS STATION AND CONVERSION WORKSHOP OWNER ASSOCIATION

# LPG Auto Gas Station & Conversion Workshop Owners Association, Bangladesh.

**House: 2 Block: 2 Pallabi, Mirpur, Dhaka -1216, Bangladesh**
**Phone: +88028033310, Cell: +8801704179319**
**Email:** lpgautogasbd2019@gmail.com website: www. lpgautogasbd.com

উক্ত ধারাগুলি নিম্নরূপঃ

| ক্রমিক নং | ধারা | এলপি গ্যাস সমন্বিত নীতিমালা–২০২১ খসড়া নীতিমালার প্রস্তাব | মতামত |
|---|---|---|---|
| ১ | ৫.১ | এলপিজি বটলিং প্ল্যান্ট স্থাপনের জন্য ন্যূনতম ৩০০ (তিনশত)/মেট্রিক টন ধারণ ক্ষমতাসম্পন্ন এলপিজি স্টোরেজ ট্যাংক থাকতে হবে। ফ্রাঞ্চাইজি বটলিং প্ল্যান্ট স্থাপন ও বোতলজাতকরণ এবং একটি নির্দিষ্ট এলাকায় এলপিজি পরিবহন, বিতরণ, বিপণন ও ব্যবসা পরিচালনা করতে পারবে। | এলপিজি বটলিং প্ল্যান্ট স্থাপনের জন্য ন্যূনতম ১০০ (একশত)/মেট্রিক টন ধারণ ক্ষমতাসম্পন্ন এলপিজি স্টোরেজ ট্যাংক থাকতে হবে। ফ্রাঞ্চাইজি বটলিং প্ল্যান্ট স্থাপন ও বোতলজাতকরণ এবং একটি নির্দিষ্ট এলাকায় এলপিজি পরিবহন, বিতরণ, বিপণন ও ব্যবসা পরিচালনা করতে পারবে। |
| | ৭ খ(১) | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অনুমতি প্রাপ্ত অপারেটর ব্যতীত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান অটোগ্যাস রিফুয়েলিং স্টেশন স্থাপন করতে পারবে না; | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অনুমতি ব্যতীত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান অটোগ্যাস রিফুয়েলিং স্টেশন স্থাপন করতে পারবে না; |
| | ৭ খ(৩) | অপারেটর অটোগ্যাস রিফুয়েলিং স্টেশন স্থাপন ও পরিচালনার জন্য অটোগ্যাস স্টেশন স্থাপনের সংখ্যা উল্লেখপূর্বক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে আবেদন করবে। অনুমতি প্রাপ্তির পর অপারেটর অটোগ্যাস ফিলিং স্টেশন স্থাপনের জন্য ডিলার নিয়োগ করতে পারবে এবং অপারেটরের সাথে চুক্তিবদ্ধ হয়ে অপারেটরের তত্ত্বাবধানে ডিলার অটোগ্যাস স্টেশন স্থাপন করতে পারবে। তবে, সকল ডিলারের অটোগ্যাস স্টেশন স্থাপনের ক্ষেত্রে যাবতীয় অনুমোদন অপারেটরের মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তর হতে গ্রহণ করতে হবে। | অপারেটর অটোগ্যাস রিফুয়েলিং স্টেশন স্থাপন ও পরিচালনার জন্য অটোগ্যাস স্টেশন স্থাপনের সংখ্যা উল্লেখপূর্বক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে আবেদন করবে। অনুমতি প্রাপ্তির পর অপারেটর অটোগ্যাস ফিলিং স্টেশন স্থাপনের জন্য ডিলার নিয়োগ করতে পারবে এবং অপারেটরের সাথে চুক্তিবদ্ধ হয়ে অপারেটরের তত্ত্বাবধানে ডিলার অটোগ্যাস স্টেশন স্থাপন করতে পারবে। তবে, সকল ডিলারের অটোগ্যাস স্টেশন স্থাপনের ক্ষেত্রে যাবতীয় অনুমোদন সংশ্লিষ্ট সরকারী দপ্তর হতে গ্রহণ করতে হবে। |
| | ৭খ(৭.১) | হাইওয়েতে অনুমোদিত একটি অটোগ্যাস স্টেশনের একই দিকে ৪(চার) কিলোমিটার ও বিপরীত দিকে ২(দুই) কিলোমিটারের মধ্যে অটোগ্যাস স্টেশন স্থাপন করা যাবে না। | হাইওয়েতে অনুমোদিত একটি অটোগ্যাস স্টেশনের একই দিকে ১০(দশ) কিলোমিটার ও বিপরীত দিকে ৫ (পাচ) কিলোমিটারের মধ্যে অটোগ্যাস স্টেশন স্থাপন করা যাবে না। |
| | ৭খ(৭.২) | সিটি কর্পোরেশন, জেলা শহর ও পৌরসভার আওতাভুক্ত এলাকায় অনুমোদিত একটি অটোগ্যাস স্টেশনের একই দিকে ২(দুই) কিলোমিটার ও বিপরীত দিকে ১(এক) কিলোমিটারের মধ্যে অটোগ্যাস স্টেশন স্থাপন করা যাবে না। | সিটি কর্পোরেশন, জেলা শহর ও পৌরসভার আওতাভুক্ত এলাকায় অনুমোদিত একটি অটোগ্যাস স্টেশনের একই দিকে ১(এক) কিলোমিটার ও বিপরীত দিকে ০.৫(আধা) কিলোমিটারের মধ্যে অটোগ্যাস স্টেশন স্থাপন করা যাবে না। |
| | ৭খ(৭.৩) | সিটি কর্পোরেশন ও জেলা শহরের আওতা বহির্ভূত এলাকায় অনুমোদিত একটি অটোগ্যাস স্টেশনের একই দিকে ৪(চার) কিলোমিটার ও বিপরীত দিকে ২(দুই) কিলোমিটারের মধ্যে অটোগ্যাস স্টেশন স্থাপন করা যাবে না। | সিটি কর্পোরেশন ও জেলা শহরের আওতা বহির্ভূত এলাকায় অনুমোদিত একটি অটোগ্যাস স্টেশনের উভয় দিকে ৫(পাচ) কিলোমিটারের মধ্যে অটোগ্যাস স্টেশন স্থাপন করা যাবে না। |
| | ৭খ(৭.৪) | বর্তমানে বিদ্যমান অনুমোদিত ফিলিং স্টেশনসমূহে নীতিমালা অনুযায়ী মেশিনারী/যন্ত্রপাতিসমূহের আন্তঃ দূরত্ব বজায় রেখে অটোগ্যাস ফিলিং স্থাপন করা হলে অনুচ্ছেদ ৭ খ(৩.১), ৭ খ(৩.২) ও ৭ খ(৩.৩) এ বর্ণিত ন্যূনতম দূরত্বের শর্ত প্রযোজ্য হবে না। | বর্তমানে বিদ্যমান অনুমোদিত ফিলিং স্টেশনসমূহে নীতিমালা অনুযায়ী মেশিনারী/যন্ত্রপাতিসমূহের আন্তঃ দূরত্ব বজায় রেখে অটোগ্যাস ফিলিং স্থাপন করা হলে অনুচ্ছেদ ৭ খ(৭.১), ৭ খ(৭.২) ও ৭ খ(৭.৩) এ বর্ণিত ন্যূনতম দূরত্বের শর্ত প্রযোজ্য হবে। |
| | ৭খ(৮) | **অবস্থান:** | |
| | ৭খ(৮.১) | প্রস্তাবিত অটোগ্যাস রিফুয়েলিং স্টেশনের অবস্থান এমন স্থানে হতে হবে, যাতে সড়কে যানবাহন চলাচলে | বর্তমানে বিদ্যমান অনুমোদিত ফিলিং স্টেশনসমূহে নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্ত ঠিক থাকলে এই শর্ত |

| | | | |
|---|---|---|---|
| | | বিঘ্ন সৃষ্টি না হয়; | প্রযোজ্য হবে না। |
| | ৭খ(৮.৪) | রিফুয়েলিং স্টেশন বাসস্ট্যান্ড, রেললাইন বা বাস টার্মিনাল হতে ন্যূনতম ১০০ মিটার দূরে হতে হবে। | বর্তমানে বিদ্যমান অনুমোদিত ফিলিং স্টেশনসমূহে নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্ত ঠিক থাকলে এই শর্ত প্রযোজ্য হবে না। |
| | ৭খ(৮.৫) | প্রস্তাবিত রিফুয়েলিং স্টেশন উচ্চচাপ (High Tension) বৈদ্যুতিক তারের নিচে স্থাপন করা যাবে না। | বর্তমানে বিদ্যমান অনুমোদিত ফিলিং স্টেশনসমূহে নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্ত ঠিক থাকলে এই শর্ত প্রযোজ্য হবে না। |
| | ৭খ(৯) | আকার/আয়তনঃ<br>অটোগ্যাস রিফুয়েলিং স্টেশনের আয়তন সিটি কর্পোরেশন ও জেলাশহরের আওতাভুক্ত এলাকায় ন্যূনতম ১০ কাঠা (রাস্তা বরাবর সম্মুখভাগের দৈর্ঘ্য ন্যূনতম ১০০ ফুট এবং প্রস্থ ন্যূনতম ৭০ ফুট) এবং সিটি কর্পোরেশন ও জেলা শহরের আওতা বহির্ভূত এলাকায় ন্যূনতম ১২ কাঠা (রাস্তা বরাবর সম্মুখভাগের দৈর্ঘ্য ন্যূনতম ১২০ ফুট এবং প্রস্থ ন্যূনতম ৭০ ফুট) হতে হবে। (আলোচনা সাপেক্ষে) | বর্তমানে বিদ্যমান অনুমোদিত ফিলিং স্টেশনসমূহে নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্ত ঠিক থাকলে এই শর্ত প্রযোজ্য হবে না। |
| | ৭খ(১০) | **পাম্প, পেছনের দেয়াল ও সার্ভিসিং সুবিধাদির অবস্থান:** পাম্প, পেছনের দেয়াল ও সার্ভিস রুম, এয়ার কম্প্রেসার, ডিসপেন্সিং ইউনিটসহ অন্যান্য স্থাপনার অবস্থান/দূরত্ব/আকার'তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০১৬)'এ বর্ণিত নিরাপদ দূরত্বসীমা অনুসরণ করে স্থাপন করতে হবে। | **ট্যাংক/গ্যাসাধার স্থাপনের ক্ষেত্রে অন্যান্য উৎস থেকে নুনতম দুরত্বঃ**<br>বর্তমান গেজেটে ২০,০০০ লিঃ ট্যংক স্থাপনের ক্ষেত্রে ৭.৫ মিঃ/২৪.৬ ফুট ও ১০,০০০ লিঃ ট্যংক স্থাপনের ক্ষেত্রে ৫ মিঃ/১৬ ফিট দুরত্ত রাখতে বলা হয়েছে কিন্তু বাস্তবে কোন ফিলিং ষ্টেশনে এই দুরত্ত রাখার মত যায়গা নেই। তাই বাস্তবতা যাছাই করে দুরত্তসীমা পরিবর্তন করা যেতে পারে।<br>ক) ২০,০০০ লিঃ ট্যংক (মাউন্ডেড) এর ক্ষেত্রে ৭.৫ মিটারের পরিবর্তে ২ মিটার ও ১০,০০০ লিঃ (মাউন্ডেড) ট্যংক স্থাপনের ক্ষেত্রে ৫ মিটারের পরিবর্তে ১.৫ মিঃ করা যেতে পারে।<br>খ) ২০,০০০ লিঃ ট্যংক (ভুউপরস্ত) এর ক্ষেত্রে ১৫ মিটারের পরিবর্তে ৫ মিটার ও ১০,০০০ লিঃ (ভুউপরস্ত)) ট্যংক স্থাপনের ক্ষেত্রে ১০মিটারের পরিবর্তে ৩ মিঃ করা যেতে পারে। |
| | ৭গ(১) | **জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অনুমতি ব্যতীত কোন অপারেটর অটোগ্যাস রূপান্তর ওয়ার্কশপ স্থাপন করতে পারবে না;** | **জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অনুমতি ব্যতীত কোন প্রতিষ্ঠান অটোগ্যাস রূপান্তর ওয়ার্কশপ স্থাপন করতে পারবে না;**<br>নিম্নে অনুমোদনের প্রক্রিয়া দেওয়া হলোঃ |
| | ৯.৩ (১) | অটোগ্যাস রিফুয়েলিং স্টেশনের ক্ষেত্রে:<br>(১) নীতিগত অনুমোদনঃ<br>(ক) অপারেটর অটোগ্যাস রিফুয়েলিং স্টেশন স্থাপন করতে আগ্রহী হলে সংখ্যা ও স্থান উল্লেখপূর্বক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে আবেদন করবে। আবেদন প্রাপ্তির পর জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ আবেদনটি সরেজমিনে যাচাই করে বিপিসি বরাবর প্রেরণ করবে। বিপিসি সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ একটি প্রতিবেদন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করবে। বিপিসির তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর এলপিজি ব্যবসায় অপারেটর হিসেবে সুনাম, অভিজ্ঞতা ও | **প্রাথমিক/নকশা** অনুমোদঃ<br>তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (অটোগ্যাস) রিফুয়েলিং স্টেশন ও রূপান্তর ওয়ার্কশপ স্থাপন, পরিচালন এবং রক্ষণাবেক্ষণ নীতিমালা-২০১৬ তে উল্লেখিত প্রক্রিয়া অনুযায়ী হতে পারে। তবে উক্ত প্রক্রিয়াতে সংষোধনী আবশ্যক।<br><br>নিম্নে **প্রাথমিক/নকশা** অনুমোদনের প্রক্রিয়া দেওয়া হলোঃ |

House: 2 Block: 2 Pallabi, Mirpur, Dhaka -1216, Bangladesh
Phone: +88028033310, Cell: +8801704179319
Email: lpgautogasbd2019@gmail.com website: www. lpgautogasbd.com

| | | | |
|---|---|---|---|
| | | প্রমাণিত আর্থিক সক্ষমতা বিবেচনা করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ অটোগ্যাস স্টেশন সংখ্যা নির্ধারণ করে নীতিগত অনুমোদন প্রদান করবে।<br>(খ) নীতিগত অনুমোদন গ্রহণের পর অনুচ্ছেদ-৭ (খ)এর ১-১৮ ক্রমিকে বর্ণিত কার্যক্রম গ্রহণ করতে পারবে। নীতিগত অনুমতির মেয়াদ ২ বছর হবে। নীতিগত অনুমোদন গ্রহণ করে অটোগ্যাস রিফুয়েলিং স্টেশন পরিচালনা করা যাবে না। নীতিগত অনুমোদনপ্রাপ্ত অটোগ্যাস রিফুয়েলিং স্টেশন সংখ্যার ন্যূনতম ১০% স্থাপন না করা পর্যন্ত অপারেটর অটোগ্যাস স্টেশন পরিচালনার অনুমতিপ্রাপ্ত হবেন না। | |
| | ৯.৩ (২) | স্টেশন পরিচালনার অনুমোদনঃ<br>(ক) অটোগ্যাস স্টেশন স্থাপনের জন্য নীতিগত অনুমতি পত্রে বর্ণিত স্টেশন সংখ্যার ন্যূনতম ১০% স্টেশন স্থাপিত হওয়ার পর অপারেটর অটোগ্যাস স্টেশন পরিচালনার অনুমতির জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে আবেদন করবে। প্রাপ্ত আবেদন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ সরেজমিনে যাচাইয়ের জন্য বিস্ফোরক অধিদপ্তরে প্রেরণ করবে। বিস্ফোরক অধিদপ্তর আবেদিত অটোগ্যাস স্টেশন সংশ্লিষ্ট আইন/বিধি অনুযায়ী স্থাপিত হয়েছে কিনা তা সরেজমিনে যাচাইয়ান্তে মতামতসহ প্রতিবেদন দাখিল করবে। প্রাপ্ত প্রতিবেদন ও মতামত বিশ্লেষণ করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ আবেদনকারীর অনুকূলে স্টেশন পরিচালনার চূড়ান্ত অনুমতি প্রদান করবে।<br>(খ) নীতিগত অনুমতি প্রাপ্ত সকল অটোগ্যাস স্টেশন ২ বছরের মধ্যে স্থাপন করে পরিচালনার জন্য ৯.৩ (২) অনুচ্ছেদ অনুযায়ী চূড়ান্ত অনুমতি গ্রহণ করতে হবে। | চূড়ান্ত অনুমোদনঃ<br>তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (অটোগ্যাস) রিফুয়েলিং স্টেশন ও রূপান্তর ওয়ার্কশপ স্থাপন, পরিচালন এবং রক্ষণাবেক্ষণ নীতিমালা-২০১৬ তে উল্লেখিত প্রক্রিয়া অনুযায়ী হতে পারে। তবে উক্ত প্রক্রিয়াতে সংষোধনী আবশ্যক।<br><br>নিম্নে চূড়ান্ত অনুমোদনের প্রক্রিয়া দেওয়া হলোঃ |
| | | | |

৭.গ (১) **অটোগ্যাস রূপান্তর ওয়ার্কশপ স্থাপনের প্রক্রিয়াঃ**

তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (অটোগ্যাস) রিফুয়েলিং স্টেশন ও রূপান্তর ওয়ার্কশপ স্থাপন, পরিচালন এবং রক্ষণাবেক্ষণ নীতিমালা-২০১৬ ধারাঃ ৫.২।

**অটো-গ্যাস রূপান্তর ওয়ার্কশপ স্থাপনের প্রাথমিক আবেদন:** কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক অটো-গ্যাস রূপান্তর ওয়ার্কশপ স্থাপন ও পরিচালনার অনুমোদন প্রাপ্তির জন্য আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রসহ ফরম 'খ' (সংযুক্তি-২) এর মাধ্যমে সরকার নির্ধারিত কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে:

- আবেদনকারী/আবেদনকারীগণের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি;
- সদ্যতোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
- সর্বশেষ কর বৎসরের আয়কর পরিশোধের সনদ;
- ট্রেড লাইসেন্স/জয়েন্ট স্টক কোম্পানি কর্তৃক প্রদত্ত নিবন্ধনপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
- জমির মালিকানার প্রমাণপত্র (প্রাসঙ্গিক দলিল, আমমোক্তারনামা, চুক্তিপত্র, নামজারি, হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের দাখিলা ইত্যাদি);

BD LPG AUTO GAS STATION AND CONVERSION WORKSHOP OWNER ASSOCIATION

# LPG Auto Gas Station & Conversion Workshop Owners Association, Bangladesh.

House: 2 Block: 2 Pallabi, Mirpur, Dhaka -1216, Bangladesh
Phone: +88028033310, Cell: +8801704179319
**Email:** lpgautogasbd2019@gmail.com website: www. lpgautogasbd.com

- সরকারি জমির ক্ষেত্রে বরাদ্দ/চুক্তির সার্টিফাইড কপি;
- অটো-গ্যাস রূপান্তর ওয়ার্কশপ স্থাপন প্রকল্পের বাস্তবায়ন কর্মপরিকল্পনা;
- প্রস্তাবিত অটো-গ্যাস রূপান্তর ওয়ার্কশপের লে-আউট প্ল্যান (মৌজা ও লোকেশন ম্যাপসহ);
- প্রস্তাবিত অটো-গ্যাস রূপান্তর ওয়ার্কশপ স্থাপনের জন্য নিধারিত যন্ত্রপাতির গুণগতমান ও নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে আন্তর্জাতিক মান অনুসরণ সংক্রান্ত প্রত্যয়ন/অঙ্গীকারনামা;
- সরকার কর্তৃক নির্ধারিত ফি পরিশোধের চালান/ব্যাংক ড্রাফট;

৯.৩ (১)ঃ তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (অটোগ্যাস) রিফুয়েলিং স্টেশন ও রূপান্তর ওয়ার্কশপ স্থাপন, পরিচালন এবং রক্ষণাবেক্ষণ নীতিমালা-২০১৬ ধারাঃ ৩.২

**অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন স্থাপনের প্রাথমিক আবেদন প্রক্রিয়াঃ**

কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন স্থাপন ও পরিচালনার লক্ষ্যে অনুমোদন প্রাপ্তির জন্য নিম্নোক্ত কাগজসহ ফরম 'ক' (সংযুক্তি-১) এর মাধ্যমে সরকার নির্ধারিত কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে;

(ক) আবেদনকারী/আবেদনকারীগণের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি;

(খ) আবেদনকারী/আবেদনকারীগণের সদ্যতোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি সত্যায়িত ছবি;

(গ) সর্বশেষ কর বৎসরের আয়কর পরিশোধের সনদ;

(ঘ) ট্রেড লাইসেন্স/জয়েন্ট স্টক কোম্পানির নিবন্ধনপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);

(ঙ) জমির মালিকানার প্রমাণপত্র (প্রাসঙ্গিক দলিল, আমমোক্তারনামা, চুক্তিপত্র, নামজারি, হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের দাখিলা ইত্যাদি);

(ঞ) সরকারি জমির ক্ষেত্রে বরাদ্দ/চুক্তির অবিকল নকল;

(ঠ) প্রস্তাবিত রিফুয়েলিং স্টেশন স্থাপনের লে-আউট প্লান;

(ঢ) সরকার কর্তৃক নির্ধারিত ফি পরিশোধের চালান/ব্যাংক ড্রাফট;

৯.৩ (২) ঃ তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (অটোগ্যাস) রিফুয়েলিং স্টেশন ও রূপান্তর ওয়ার্কশপ স্থাপন, পরিচালন এবং রক্ষণাবেক্ষণ নীতিমালা-২০১৬ ধারাঃ ৪.৩

অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন স্থাপনের চূড়ান্ত অনুমতি প্রাপ্তির লক্ষ্যে আবেদনের সাথে নিম্নবর্ণিত ডকুমেন্ট দাখিল করতে হবেঃ

- বিস্ফোরক পরিদপ্তরের লাইসেন্সসহ as build drawing;
- সংশ্লিষ্ট এলাকার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর অনাপত্তি।
- সংশ্লিষ্ট জেলা প্রশাসক অনাপত্তি ঃ (বর্তমানে বিদ্যমান অনুমোদিত ফিলিং ষ্টেশনের ডিসি এনওসি মালিক/লীজ গ্রহিতা উভয় ক্ষেত্রে গৃহীত হবে)
- প্রবেশপথ ব্যবহারের লক্ষ্যে সড়ক ও মহাসড়ক অধিদপ্তরের আবেদন কপি।
- পরিবেশ ছাড়পত্রের আবেদন কপি।

BD LPG AUTO GAS STATION AND CONVERSION WORKSHOP OWNER ASSOCIATION

# LPG Auto Gas Station & Conversion Workshop Owners Association, Bangladesh.

**House: 2 Block: 2 Pallabi, Mirpur, Dhaka -1216, Bangladesh**
**Phone: +88028033310, Cell: +8801704179319**
**Email:** lpgautogasbd2019@gmail.com website: www. lpgautogasbd.com

প্রস্তাবিত সমন্বিত নীতিমালা–২০২১ (খসড়া) এর মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি সংযুক্ত করার জন্য অনুরোধ করা হইল।

১. তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (অটোগ্যাস) রিফুয়েলিং স্টেশন ও রূপান্তর ওয়ার্কশপ স্থাপন, পরিচালন এবং রক্ষণাবেক্ষণ নীতিমালা-২০১৬ ধারাঃ ৭.২। অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন ও রূপান্তর ওয়ার্কশপ-এর যন্ত্রাংশের আমদানি শুল্ক পরিশোধ:

(ক) অটো-গ্যাস রিফুয়েলিং স্টেশন ও রূপান্তর ওয়ার্কশপ স্থাপনের যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট আমদানিকারক প্রতিষ্ঠান জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে প্রত্যয়নপত্র প্রদর্শন করে শুল্কমুক্ত সুবিধা ভোগ করবে।

(খ) উপরোক্ত 'ক' উপানুচ্ছেদে বর্ণিত প্রত্যয়ন গ্রহণকালে নিম্নোক্ত কাগজ দাখিল করতে হবে:

(১) নির্ধারিত ছকে পূরণকৃত আবেদন;

(২) সরকার কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষের অনুমোদন;

(৩) বিস্ফোরক পরিদপ্তরের অনাপত্তি;

(৪) Import Registration Certificate;

(৫) প্যাকিং লিস্ট;

(৬) Invoice-এর সত্যায়িত অনুলিপি;

(৭) Bill of Lading-এর সত্যায়িত অনুলিপি;

২. প্রস্তাবিত সমন্বিত নীতিমালা–২০২১ (খসড়া) এর মধ্যে প্রাথমিক ও চুড়ান্ত অনুমোদন প্রক্রিয়া অনেক জটিল ও অস্পষ্ট মনে হচ্ছে তাই একে সহজীকরন করে বিনিয়োগ বান্ধব ও বিনিয়োগের সুরক্ষা নিশ্চিত করা প্রয়োজন।

৩. অপারেটরদের সাথে ডিলারশীপ চুক্তির ফরমেট ও শর্তাবলী পরিষ্কারভাবে নীতিমালায় থাকা প্রয়োজন মনে করছি।

৪. বর্তমানে এলপিজি অটোগ্যাস ষ্টেশন ও ওয়ার্কশপ স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে বিনিয়োগকারীরা যেসব জটিলতার সম্মুক্ষীন হচ্ছে তা তদন্ত করে উক্ত জটিলতা যাতে ভবিষ্যতে না হয়, সেই বিষয়গুলো বিবেচনায় আনা প্রয়োজন।

উপরোক্ত বিষয়গুলো বিবেচনা করে এই সেক্টরের সুন্দর ও উজ্জ্বল ভবি্যতের জন্য নীতিমালা সংশোধন করা, যানবাহনকে এলপিজিতে কনভার্শন করার জন্য প্রায়োজনীয় কিট, ট্যাংক ও যন্ত্রাংশ আমদানী পর্যায়ে শুল্কমুক্ত করা, এলপিজি ক্রয় বিক্রয় নীতিমালা করা, ভোক্তা অধিকার ঠিক রাখা, নিরাপত্তাবিষয় বাস্তবায়ন করা, অপারেটেরের সাথে সুসম্পর্ক বজায় রাখা এইসব বিষয়গুলো নীতিমালায় সংযোজন করে পুর্বের নীতিমালা সংশোধন করে এলপিজি অটোগ্যাস ষ্টেশন ও ওয়ার্কশপ স্থাপন সহজতর করার জন্য কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

বিনীত নিবেদক

মোহাম্মাদ সিরাজুল মাওলা, সভাপতি
এল পি জি অটোগ্যাস ষ্টেশন এন্ড কনভারসন ওয়ার্কশপ ওনারস এসোসিয়েশন,বাংলাদেশ।

অনুলিপিঃ

১. প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক পরিদপ্তর সেগুনবাগিচা, ঢাকা।